



বিরোধী দলের ছায়া মন্ত্রীসভা গঠনের সিদ্ধান্তকে স্বাগত জানাই: সালাউদ্দিন



সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিরোধী দলের ছায়া মন্ত্রীসভা গঠনের উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছে বিএনপি। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ এ কথা জানিয়েছেন।

সোমবার (১৬ ফেব্রুয়ারি) গুলশানে দলের কার্যালয়ের সামনে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, জাতীয় সংসদ সদস্য ও রাষ্ট্রপতি নির্বাচনের সাংবিধানিক দায়িত্ব নির্বাচন কমিশনের ওপরই ন্যস্ত। বর্তমানে স্পিকার ও ডেপুটি স্পিকার না থাকায় সংসদ সদস্যদের শপথবাক্য পাঠ করানোর ক্ষমতা প্রধান নির্বাচন কমিশনারের রয়েছে। সে অনুযায়ী আগামীকাল সিইসি নবনির্বাচিত সদস্যদের শপথ পড়ানোর বেলো উল্লেখ করেন তিনি।

সংবিধান সংস্কার পরিষদের শপথ প্রসঙ্গে সালাহউদ্দিন আহমদ বলেন, বর্তমান সংবিধানে এ ধরনের পরিষদকে শপথ পড়ানোর বিষয়ে সিইসির কোনো এখতিয়ার নেই। তবে সংবিধান সংশোধনের মাধ্যমে যদি এ বিষয়ে সুস্পষ্ট বিধান যুক্ত করা হয় এবং কে শপথ পড়ানোর তা নির্ধারণ করা হয়, তাহলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া সম্ভব।

এদিকে বিএনপির আরেক স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের প্রায় সব খাতেই এখন নানা চ্যালেঞ্জ বিরাজ করছে। অর্থনীতি, শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থাসহ বিভিন্ন ক্ষেত্রে কাঠামোগত দুর্বলতা স্পষ্ট হয়ে উঠেছে।

ছায়া মন্ত্রীসভায় কে কোন দায়িত্ব পাবেন, সে বিষয়ে এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি বলেও জানান তিনি।